

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২৯

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মাদীনাবাসীর ক্ষতি করতে চাইবে, মহান আল্লাহ তাকে এমন বিপদে ফেলবে, যা তাকে নিশ্চিহ্ন করে দিবেন মর্মে বর্ণনা

ذِكْرُ ابْتِلَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا مَنْ أَرَادَ أَهْلَ الْمَدِينَةِ بِسُوءٍ بِمَا يُذوِّبُه فِيهِ

আরবী

3729 _ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ قَالَ: حَدَّتَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ قَالَ: حَدَّتَنَا بَشْرُ بْنُ الْمُفَضَّلِ قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ و قَالَ: حَدَّتَنِي أَبُو عَبْدِ اللَّهِ الْقَرَّاظُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (مَنْ أَرَادَ أَهْلَ الْمَدِينَةِ بِسُوءٍ أَذَابَهُ اللَّهُ كَمَا يَذُوبُ الملح في الماء)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3729 ا خلاصة حكم المحدث: حسن صحيح: م.

বাংলা

৩৭২৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি মাদীনাবাসীর ক্ষতি করতে চাইবে, মহান আল্লাহ তাকে নিশ্চিহ্ন করে দিবেন, যেভাবে লবণ পানিতে গলে (নিশ্চিহ্ন হয়ে) যায়।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৮৬; ইবনু মাজাহ: ৩১১৪; মুসনাদ আহমাদ: ২/২৭৯; হুমাইদী: ১১৬৭; নাসাঈ আল কুবরার বরাতে ৯/৩৪০; সহীহুল বুখারী: ১৮৭৭; আবৃ ইয়ালা: ৮০৪; সুনান বাইহাকী: ৫/১৯৭; বাগাবী: ২০১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৭২৯)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন